রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**

**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**মঙ্গলবার, মে ১৫, ২০১২**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**বাণিজ্য মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২০ বৈশাখ ১৪১৯ বঙ্গাব্দ/৩ মে ২০১২ খ্রিস্টাব্দ

**এস. আর. ও. নং ১১৭-আইন/২০১২।**—ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ (২০০৯ সনের ২৬ নং আইন) এর ধারা ৮০, ধারা ২২ এর সহিত পঠিতব্য, তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার সংবিধানের ১৪০(২) অনুচ্ছেদের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা ঃ—

১। **সংক্ষিপ্ত শিরোনাম।**—এই বিধিমালা জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১২ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা।**—বিষয় কিংবা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(ক) "অধিদপ্তর" অর্থ জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর;

(খ) "কর্তৃপক্ষ" অর্থ নিয়োগকারী কর্তৃপক্ষ;

(গ) "কমিশন" অর্থ বাংলাদেশ সরকারি কর্ম কমিশন;

(ঘ) "তফসিল" অর্থ এই বিধিমালার সহিত সংযোজিত তফসিল;

(ঙ) "নিয়োগকারী কর্তৃপক্ষ" অর্থ সরকার বা সরকার কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত যে কোন কর্মকর্তা;

(চ) "পদ" অর্থ তফসিলে উল্লিখিত কোন পদ;

(ছ) "প্রয়োজনীয় যোগ্যতা" অর্থ সংশ্লিষ্ট পদের জন্য তফসিলে উল্লিখিত যোগ্যতা;

(জ) "শিক্ষানবিস" অর্থ কোন পদে শিক্ষানবিস হিসাবে নিযুক্ত কোন ব্যক্তি;

(ঝ) "স্বীকৃত বিশ্ববিদ্যালয়" বা "স্বীকৃত বোর্ড" বা " স্বীকৃত প্রতিষ্ঠান" অর্থ আপাততঃ বলবৎ কোন আইন দ্বারা বা আইনের অধীন প্রতিষ্ঠিত কোন বিশ্ববিদ্যালয়, বোর্ড বা প্রতিষ্ঠান এবং এই বিধিমালার উদ্দেশ্যপূরণকল্পে, সরকার কর্তৃক অনুমোদিত বলিয়া ঘোষিত অন্য কোন বিশ্ববিদ্যালয়, বোর্ড বা প্রতিষ্ঠানও ইহার অন্তর্ভুক্ত হইবে।

৩। **নিয়োগ পদ্ধতি।**—(১) তফসিলে বর্ণিত বিধান সাপেক্ষে এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ২৯(৩) এর উদ্দেশ্য পূরণকল্পে, সংরক্ষণ সংক্রান্ত নির্দেশাবলী সাপেক্ষে, কোন পদে নিম্নবর্ণিত পদ্ধতিতে নিয়োগ করা হইবে, যথা ঃ—

(ক) সরাসরি নিয়োগের মাধ্যমে;

(খ) পদোন্নতির মাধ্যমে;

(গ) প্রেষণে বদলীর মাধ্যমে;

(ঘ) আউট সোর্সিং এর মাধ্যমে।

(২) কোন ব্যক্তিকে কোন নির্দিষ্ট পদে নিয়োগ করা হইবে না যদি তজ্জন্য তাহার প্রয়োজনীয় যোগ্যতা না থাকে, এবং সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার বয়স উক্ত পদের জন্য তফসিলে বর্ণিত বয়সসীমার মধ্যে না হয় ।

৪। **সরাসরি নিয়োগ।**—(১) কমিশনের সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতাভুক্ত কোন পদে কোন ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(২) নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত বাছাই কমিটির সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতা বহির্ভূত কোন পদে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(৩) কোন পদে সরাসরি নিয়োগের জন্য কোন ব্যক্তি যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না, যদি তিনি—

(ক) বাংলাদেশের নাগরিক না হন, অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন, অথবা বাংলাদেশের ডমিসাইল না হন;

(খ) এমন কোন ব্যক্তিকে বিবাহ করেন অথবা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন, যিনি বাংলাদেশের নাগরিক নহেন।

(৪) কোন পদে সরাসরি নিয়োগ করা হইবে না, যদি—

(ক) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির স্বাস্থ্য পরীক্ষার উদ্দেশ্যে স্বাস্থ্য অধিদপ্তরের মহা-পরিচালক কর্তৃক গঠিত মেডিকেল বোর্ড অথবা, ক্ষেত্রমত, তৎকর্তৃক মনোনীত কোন মেডিকেল অফিসার এই মর্মে প্রত্যয়ন না করেন যে, উক্ত ব্যক্তি স্বাস্থ্যগতভাবে অনুরূপ পদে নিয়োগযোগ্য এবং তিনি এইরূপ কোন দৈহিক বৈকল্যে ভুগিতেছেন না, যাহা সংশ্লিষ্ট পদের দায়িত্ব পালনে কোন ব্যাঘাত সৃষ্টি করিতে পারে; এবং

(খ) এইরূপে বাছাইকৃত ব্যক্তির পূর্ব-কার্যকলাপ যথাযোগ্য এজেন্সীর মাধ্যমে তদন্ত না হইয়া থাকে ও তদন্তের ফলে দেখা না যায় যে, প্রজাতন্ত্রের চাকুরীতে নিযুক্তির জন্য তিনি অনুপযুক্ত নহেন।

(৫) কোন ব্যক্তিকে কোন পদে নিয়োগের জন্য সুপারিশ করা হইবে না, যদি তিনি—

(ক) উক্ত পদের জন্য কমিশন বা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক দরখাস্ত আহ্বানের বিজ্ঞপ্তিতে উল্লিখিত ফিসহ যথাযথ ফরম ও নির্দিষ্ট তারিখের মধ্যে দরখাস্ত দাখিল না করেন;

(খ) সরকারি চাকুরী কিংবা কোন স্থানীয় কর্তৃপক্ষের চাকুরিতে নিয়োজিত থাকাকালে স্বীয় ঊর্ধ্বতন কর্মকর্তার মাধ্যমে দরখাস্ত দাখিল না করেন।

(৬) উপ-বিধি (২) এর উদ্দেশ্য পূরণকল্পে বাছাই কমিটি, তফসিল-২, তফসিল-৩ বা তফসিল-৪ এ উল্লিখিত লিখিত ও মৌখিক পরীক্ষা, বা ক্ষেত্রমত, শুধু মৌখিক পরীক্ষা, এর ভিত্তিতে উহার সুপারিশ প্রণয়ন করিবে।

৫। **পদোন্নতির মাধ্যমে নিয়োগ।**—(১) এতদুদ্দেশ্যে সরকার কর্তৃক গঠিত সংশ্লিষ্ট বাছাই কমিটির সুপারিশের ভিত্তিতে কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে ঃ

তবে শর্ত থাকে যে, তৃতীয় শ্রেণী হইতে দ্বিতীয় শ্রেণী বা প্রথম শ্রেণী অথবা দ্বিতীয় শ্রেণী হইতে প্রথম শ্রেণীর পদে কমিশনের সুপারিশের ভিত্তিতে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে।

(২) যদি কোন ব্যক্তির চাকুরীর বৃত্তান্ত সন্তোষজনক না হয়, তাহা হইলে তিনি কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না।

৬। **শিক্ষানবিস।**—(১) স্থায়ী শূন্য পদের বিপরীতে কোন পদে নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তিকে শিক্ষানবিস স্তরে—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, স্থায়ী নিয়োগের তারিখ হইতে দুই বৎসরের জন্য; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, এইরূপ নিয়োগের তারিখ হইতে এক বৎসরের জন্য, নিয়োগ করা হইবে ঃ

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করিয়া কোন শিক্ষানবিসের মেয়াদ এইরূপ বৃদ্ধি করিতে পারিবেন যাহাতে বর্ধিত মেয়াদ সর্বসাকল্যে দুই বৎসরের অধিক না হয়।

(২) যে ক্ষেত্রে কোন শিক্ষানবিসের শিক্ষানবিসির মেয়াদ চলাকালে নিয়োগকারী কর্তৃপক্ষ মনে করেন যে, তাহার আচরণ ও কর্ম সন্তোষজনক নহে, কিংবা তাহার কর্মদক্ষ হওয়ার সম্ভাবনা নাই, সেইক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, শিক্ষানবিসের চাকুরীর অবসান ঘটাইতে পারিবেন; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবেন।

(৩) শিক্ষানবিসির মেয়াদ, বর্ধিত মেয়াদ থাকিলে তাহাসহ, সম্পূর্ণ হওয়ার পর নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, শিক্ষানবিসির মেয়াদ চলাকালে কোন শিক্ষানবিসের আচরণ ও কর্ম সন্তোষজনক, তাহা হইলে উপ-বিধি (৪) এর বিধান সাপেক্ষে, তাহাকে চাকুরীতে স্থায়ী করিবেন; এবং

(খ) যদি মনে করেন যে, উক্ত মেয়াদ চলাকালে শিক্ষানবিসের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল না, তাহা হইলে উক্ত কর্তৃপক্ষ—

(অ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার চাকুরীর অবসান ঘটাইতে পারিবেন; এবং

(আ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবেন।

(৪) কোন শিক্ষানবিসকে কোন নির্দিষ্ট পদে স্থায়ী করা হইবে না যতক্ষণ না সরকারি আদেশবলে, সময়ে সময়ে, যে পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়, সেই পরীক্ষায় তিনি পাস করেন ও প্রশিক্ষণ গ্রহণ করেন।

**তফসিল-১**

**[বিধি ২(ঘ) দ্রষ্টব্য]**

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| (১) | পরিচালক | .. | (ক) মোট পদের শতকরা পঞ্চাশ ভাগ পদ পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) মোট পদের শতকরা পঞ্চাশ ভাগ পদ, সরকার কর্তৃক সম পদমর্যাদাসম্পন্ন সরকারি কর্মকর্তাগণের মধ্য হইতে প্রেষণে বদলীর মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে ঃ**<br>উপ-পরিচালক পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরী। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| (২) | উপ-পরিচালক | .. | (ক) **মোট পদের শতকরা পঁচাত্তর ভাগ পদ পদোন্নতির মাধ্যমে ঃ** পদোন্নতিযোগ্য প্রার্থী পাওনা না গেলে সমপদমর্যাদা সম্পন্ন সরকারি কর্মকর্তাগণের মধ্য হইতে প্রেষণে বদলীর মাধ্যমে; এবং<br>(খ) মোট পদের শতকরা পঁচিশ ভাগ পদ, সরকার কর্তৃক সম পদমর্যাদাসম্পন্ন সরকারি কর্মকর্তাগণের মধ্য হইতে প্রষণে বদলীর মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে ঃ**<br>সহকারী পরিচালক বা সহকারী পরিচালক (গবেষণাগার) পদে অন্যূন ১২ (বার) বৎসরের চাকুরী। |
| (৩) | সহকারী পরিচালক | অনূর্ধ্ব ৩০ বৎসর | (ক) **মোট পদের শতকরা পাঁচ ভাগ পদ পদোন্নতির মাধ্যমে ঃ** পদোন্নতি-যোগ্য প্রার্থী পাওনা না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং<br>(খ) **মোট পদের শতকরা পঁচান্নব্বই ভাগ পদ সরাসরি নিয়োগের মাধ্যমেঃ** সরাসরি নিয়োগের যোগ্য প্রার্থী পাওনা না গেলে, সরকার কর্তৃক সম পদমর্যাদাসম্পন্ন সরকারি কর্মকর্তাগণের মধ্য হইতে, প্রেষণে বদলীর মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে ঃ**<br>ব্যক্তিগত সহকারী পদে অন্যূন ১২ (বার) বৎসরের চাকুরী।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ**<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী বা দ্বিতীয় শ্রেণীর সম্মানসহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী; এবং<br>(খ) কম্পিউটার চালনায় অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| (৪) | সহকারী পরিচালক (গবেষণাগার) | অনূর্ধ্ব ৩০ বৎসর | **পদোন্নতির মাধ্যমে ঃ**<br>পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে ঃ**<br>পরীক্ষক পদে অন্যূন ৬ (ছয়) বৎসরের চাকুরী।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ**<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং-এ অন্যূন দ্বিতীয় শ্রেণীর বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী; অথবা<br>(খ) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে রসায়ন বা মাইক্রোবায়োলজি বিষয়ে অন্যূন প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী বা দ্বিতীয় শ্রেণীর সম্মানসহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী; এবং<br>(গ) কম্পিউটার চালনায় অভিজ্ঞতা থাকিতে হইবে। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| (৫) | সহকারী প্রোগ্রামার | অনূর্ধ্ব ৩০ বৎসর | **পদোন্নতির মাধ্যমে ঃ** পদোন্নতিযোগ্য প্রার্থী পাওনা না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে ঃ**<br>(ক) ডাটা এন্ট্রি অপারেটর পদে অন্যূন ১২ (বার) বৎসরের চাকুরী,<br>(খ) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন স্নাতক বা সমমানের ডিগ্রী;<br>(গ) প্রোগ্রামিং এ স্ট্যান্ডার্ড এ্যাপটিটিউড টেস্টে উত্তীর্ণ; এবং<br>(ঘ) যে কোন উচ্চতর Language যেমন COBAL, FORTRAN, BASIC ইত্যাদিতে প্রশিক্ষণপ্রাপ্ত।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ**<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পদার্থ, ফলিত পদার্থ, গণিত, পরিসংখ্যান, বাণিজ্য, অর্থনীতি বা ব্যবসায় প্রশাসন এ স্নাতকোত্তর ডিগ্রী অথবা বিএসসি (ইঞ্জিনিয়ারিং);<br>(খ) প্রোগ্রামিং এ স্ট্যান্ডার্ড এ্যাপটিটিউড টেস্টে উত্তীর্ণ; এবং<br>(গ) কোন পেশাজীবী কম্পিউটার সোসাইটির সহযোগী সদস্য। |
| (৬) | পরীক্ষক | অনূর্ধ্ব ৩০ বৎসর | (ক) **মোট পদের দুই-তৃতীয়াংশ পদ পদোন্নতির মাধ্যমে ঃ** পদোন্নতিযোগ্য প্রার্থী পাওনা না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং<br>(খ) মোট পদের এক-তৃতীয়াংশ পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে ঃ**<br>গবেষণাগার সহকারী পদে অন্যূন ৮ (আট) বৎসরের চাকুরী।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ**<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পদার্থ বা রসায়ন বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রী; |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| | | | | (খ) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় বিভাগে বিএসসি পরীক্ষায় উত্তীর্ণ; অথবা<br>(গ) কোন স্বীকৃত বোর্ড বা প্রতিষ্ঠান হইতে অন্যূন দ্বিতীয় বিভাগে মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং (ডিপ্লোমা) ডিগ্রী; এবং<br>(গ) কম্পিউটার চালনায় অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| (৭) | হিসাব রক্ষক | অনূর্ধ্ব ৩০ বৎসর | **পদোন্নতির মাধ্যমে ঃ** পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে ঃ**<br>সহকারী হিসাব রক্ষক পদে অন্যূন ৮ (আট) বৎসরের চাকুরী।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ**<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্যে অন্যূন দ্বিতীয় শ্রেণীর স্নাতক বা সমমানের ডিগ্রী। |
| (৮) | ব্যক্তিগত সহকারী | অনূর্ধ্ব ৩০ বৎসর | **পদোন্নতির মাধ্যমে ঃ** পদোন্নতিযোগ্য প্রার্থী পাওনা না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে ঃ**<br>অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরী।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ**<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রী অথবা অন্যূন দ্বিতীয় শ্রেণীর স্নাতক বা সমমানের ডিগ্রী; এবং<br>(খ) কম্পিউটার চালনায় অভিজ্ঞতা থাকিতে হইবে। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| (৯) | গবেষণাগার সহকারী | অনূর্ধ্ব ৩০ বৎসর | (ক) মোট পদের শতকরা বিশ ভাগ পদ পদোন্নতির মাধ্যমে। পদোন্নতিযোগ্য প্রার্থী পাওনা না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং<br>(খ) মোট পদের শতকরা আশি ভাগ পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে ঃ**<br>(ক) নমুনা সংগ্রহকারী পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকুরী; এবং<br>(খ) কম্পিউটার চালনায় অভিজ্ঞতা থাকিতে হইবে।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ**<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বিজ্ঞান বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণীর স্নাতক বা সমমানের ডিগ্রী; এবং<br>(খ) কম্পিউটার চালনায় অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| (১০) | ডাটা এন্ট্রি অপারেটর | Computer Personnel (Government and Local Authorities) Recruitment Rules, 1985 অনুযায়ী। | | |
| (১১) | অফিস সহকারী -কাম- কম্পিউটার মুদ্রাক্ষরিক | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোন স্বীকৃত বোর্ড বা প্রতিষ্ঠান হইতে অন্যূন দ্বিতীয় বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং ইত্যাদির সর্বনিম্ন গতি প্রতি মিনিটে বাংলা ২০ শব্দ এবং ইংরেজী ২০ শব্দ। |
| (১২) | ক্যামেরাম্যান | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোন স্বীকৃত বোর্ড বা প্রতিষ্ঠান হইতে অন্যূন দ্বিতীয় বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) ডিজিটাল স্টীল ক্যামেরায় ছবি ধারণ, সংরক্ষণ ও প্রিন্ট করার ও ভিডিও ক্যামেরা পরিচালনায় অন্যূন ৩ (তিন) বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ১৩. | সহকারী হিসাব রক্ষক | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোন স্বীকৃত বোর্ড বা প্রতিষ্ঠান হইতে বাণিজ্যে অন্যূন দ্বিতীয় বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) কম্পিউটার চালনায় অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ১৪. | অভিযোগ গ্রহণকারী | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোন স্বীকৃত বোর্ড বা প্রতিষ্ঠান হইতে অন্যূন দ্বিতীয় বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) কম্পিউটার চালনায় অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ১৫. | গাড়ী চালক (হালকা ও ভারী লাইসেন্স) | Gazetted and Non-Gazetted Staff (Government Transport Directorate) Recruitment Rules, 1984 অনুযায়ী, তবে কোন স্বীকৃত বোর্ড বা প্রতিষ্ঠান হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে। | | |
| ১৬. | নমুনা সংগ্রহকারী | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বোর্ড বোর্ড বা প্রতিষ্ঠান হইতে বিজ্ঞানে অন্যূন দ্বিতীয় বিভাগে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১৭. | প্রসেস সার্ভার/ ডেচপাস রাইডার | অর্থ বিভাগ কর্তৃক জারিকৃত আউট সোর্সিং (Out Sourcing) এর মাধ্যমে সেবা গ্রহণ নীতিমালা, ২০০৮ অনুযায়ী। | | |
| ১৮. | এমএলএসএস | অর্থ বিভাগ কর্তৃক জারিকৃত আউট সোর্সিং (Out Sourcing) এর মাধ্যমে সেবা গ্রহণ নীতিমালা, ২০০৮ অনুযায়ী। | | |
| ১৯. | নিরাপত্তা প্রহরী | অর্থ বিভাগ কর্তৃক জারিকৃত আউট সোর্সিং (Out Sourcing) এর মাধ্যমে সেবা গ্রহণ নীতিমালা, ২০০৮ অনুযায়ী। | | |
| ২০. | ক্লিনার | অর্থ বিভাগ কর্তৃক জারিকৃত আউট সোর্সিং (Out Sourcing) এর মাধ্যমে সেবা গ্রহণ নীতিমালা, ২০০৮ অনুযায়ী। | | |

**তফসিল-২**

**[বিধি ২(ঘ) ও ৪(৬) দ্রষ্টব্য]**

**ব্যক্তিগত সহকারী/অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে সরাসরি নিয়োগ প্রার্থীদের পরীক্ষার বিষয়, নম্বর ইত্যাদি।**

| ক্রমিক নং | পরীক্ষা ও বিষয়ের নাম | মোট নম্বর | সর্বনিম্ন পাস নম্বর | সময় |
|---|---|---|---|---|
| | (ক) লিখিত পরীক্ষা | ১০০ | ৫০% | |
| ১। | বাংলা | ৩০ | | ৯০ মিনিট |
| ২। | ইংরেজী | ৩০ | | |
| ৩। | গণিত | ২০ | | |
| ৪। | সাধারণ জ্ঞান | ২০ | | |
| | (খ) মৌখিক পরীক্ষা | ১০ | | |
| | সর্বমোট=১১০ | | | |

**ব্যাখ্যা ঃ** লিখিত পরীক্ষায় এবং তফসিল-৩/তফসিল-৪ এ বর্ণিত সাঁটলিপি/কম্পিউটার মুদ্রাক্ষর ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হইবেন।

**তফসিল-৩**

**[বিধি ২(ঘ) ও ৪(৬) দ্রষ্টব্য]**

**ব্যক্তিগত সহকারী পদে সরাসরি নিয়োগ প্রার্থীদের সাঁটলিপি ও কম্পিউটার মুদ্রাক্ষর পরীক্ষার গতি, নম্বর ইত্যাদি।**

| ইংরেজীতে সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) | বাংলায় সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) | ইংরেজী পরীক্ষায় মোট নম্বর | বাংলা পরীক্ষায় মোট নম্বর | প্রতি বিষয়ে সর্বনিম্ন পাস নম্বর | গড় পাস নম্বর | ইংরেজী পরীক্ষার সময় | বাংলা পরীক্ষার সময় |
|---|---|---|---|---|---|---|---|
| সাঁটলিপি | | | | | | | |
| ৮০ শব্দ | ৫০ শব্দ | ১০০ | ১০০ | ৪০% | ৫০% | ৫ মিনিট | ৫ মিনিট |
| কম্পিউটার মুদ্রাক্ষর | | | | | | | |
| ৩০ শব্দ | ২৫ শব্দ | ৫০ | ৫০ | ৪০% | ৫০% | ১০ মিনিট | ১০ মিনিট |

## তফসিল-৪

**[বিধি ২(ঘ) ও ৪(৬) দ্রষ্টব্য]**

**অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে সরাসরি নিয়োগ প্রার্থীদের কম্পিউটার মুদ্রাক্ষর গতি, নম্বর ইত্যাদি।**

| ইংরেজীতে সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) | বাংলাতে সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) | ইংরেজী মুদ্রাক্ষর পরীক্ষায় মোট নম্বর | বাংলা মুদ্রাক্ষর পরীক্ষায় মোট নম্বর | প্রতি বিষয়ে পাস নম্বর | গড় পাস নম্বর | ইংরেজী পরীক্ষার সময় | বাংলা পরীক্ষার সময় |
|---|---|---|---|---|---|---|---|
| ২০ শব্দ | ২০ শব্দ | ৫০ | ৫০ | ৪০% | ৫০% | ১০ মিনিট | ১০ মিনিট |

**ব্যাখ্যা ঃ** (১) বাংলা ও ইংরেজী উভয় প্রকার কম্পিউটার মুদ্রাক্ষরের ক্ষেত্রে ৫টি স্ট্রোক একটি শব্দ হিসাবে গণ্য হইবে।

(২) ৫% এর অধিক ভুলের ক্ষেত্রে কোন গতি অর্জন করে নাই বলিয়া গণ্য হইবে।

(৩) সর্বনিম্ন গতিকে পাস নম্বর (৪০%) হিসাবে গণ্য করা হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ সদর আলী বিশ্বাস**
উপ-সচিব।

মোঃ আব্দুল বারিক (উপ-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
আবদুর রশিদ (উপ-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। www.bgpress.gov.bd